কালের কণ্ঠ

তারিখ - 19 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষক রেজাউল হত্যার বিচার দাবিতে রাবিতে সমাবেশ

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী হত্যার বিচার দাবিতে সাপ্তাহিক সমাবেশ কর্মসূচি পালিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলা ভবনের সামনে থেকে মৌন মিছিল বের করেন ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে 'মুকুল প্রতিবাদ ও সংহতি মঞ্চ'-এ সমাবেশ অনুষ্ঠিত হয়। ইংরেজি বিভাগের ছোট কাগজ 'সপ্তক'র পরবর্তী সংখ্যাটি অধ্যাপক রেজাউলকে উৎসর্গ করে প্রকাশ করা হবে বলে সমাবেশে জানানো হয়।

গত ২৩ এপ্রিল নগরীর শালবাগান এলাকায় নিজ বাসার অদূরে সন্ত্রাসী হামলায় নিহত হন ইংরেজি বিভাগের অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী। এ ঘটনার পর থেকে বিচার দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা আন্দোলন অব্যাহত রেখেছেন। এরই অংশ হিসেবে প্রতি শনিবার মৌন মিছিল ও সমাবেশ করা হচ্ছে।